সংবাদ

তারিখ 3 DEC 1996
পৃষ্ঠা ২ কলাম ৫

# বুয়েট দু'টি নয়া কোর্স চালু করবে আগামী বছর

(বুয়েট সংবাদদাতা)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) স্নাতক পর্যায়ের পানি সম্পদ কৌশল ও শিল্প উৎপাদন কৌশল নামে দু'টি নতুন কোর্স চালু করা হচ্ছে। আগমী বছর মার্চ মাসে এ দু'টি কোর্সে ছাত্রছাত্রী ভর্তি করা হবে।

এ দু'টি কোর্সে মোট ৫০ জন ছাত্রছাত্রী ভর্তি করা হবে। পানি সম্পদ কৌশল কোর্সে ৩০ জন এবং শিল্প উৎপাদন কৌশল বিভাগে ২০ জনকে ভর্তি করা হবে।

এতে ইঞ্জিনিয়ারিং অনুষদের আসন সংখ্যা বেড়ে ৬১৫তে দাঁড়াবে। বর্তমানে স্থাপত্য বিভাগের আসন সংখ্যা ৫৫টি এবং নগর ও পরিকল্পনা বিভাগের আসন সংখ্যা ৩০টি।

ইঞ্জিনিয়ারিং অনুষদের ভর্তি পরীক্ষা ৮ই মার্চ, স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষা ৯ই মার্চ এবং নগর ও পরিকল্পনা বিভাগের ভর্তি পরীক্ষা ১০ই মার্চ অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ খুব শিগ্গিরই ভর্তি পরীক্ষার ফরম বিতরণ শুরু করবেন বলে একটি সূত্রে জানা গেছে।